

মৌসুমী বন্যা এবং বৃষ্টিপাতের জরুরী তথ্য (২৮ আগস্ট, ২০২৪ খ্রি: সকাল ৯টা)

- ❖ দেশের সকল প্রধান নদ-নদী সমূহের পানি সমতল বিপদসীমার নিচে দিয়ে প্রবাহিত হচ্ছে।
- ❖ বিগত ২৪ ঘন্টায় গঙ্গা নদীর পানি সমতল উজানে ফারাক্কা পয়েন্টে অপরিবর্তিত আছে (২২.৭৬ মিটার) এবং দেশের অভ্যন্তরে পাংখা পয়েন্টেও অপরিবর্তিত আছে (২০.৫৫ মিটার)। গঙ্গা নদীর স্বাভাবিক প্রবাহ বিরাজমান আছে যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- ❖ দেশের উত্তর-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- ❖ দেশের পূর্বাঞ্চল ও উত্তর-পূর্বাঞ্চলের উজানে পানি সমতল তথ্য:
মুহুরী (বিলোনিয়া-ত্রিপুরা) বিপদসীমার ২৫০ সে.মি. নিচে, বিগত ২৪ ঘন্টায় ৩৮ সে.মি. হ্রাস
অমরপুর (গোমতী): বিপদসীমা ২১২ সে.মি. নিচে, বিগত ২৪ ঘন্টায় ৭৪ সে.মি. হ্রাস
ফেণী (সাবরুম) ৩ ঘন্টায় ৩ সে.মি. হারে হ্রাস
- ❖ গত ২৪ ঘন্টায় দেশের উজানে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.):
কুমারঘাট (ত্রিপুরা) ১২.০, বাগাফা (দক্ষিণ ত্রিপুরা) ৩.০, গন্ধছড়া (ত্রিপুরা) ২.৫,
বিলোনিয়া (দক্ষিণ ত্রিপুরা) ২.৬, টেলিমুরা (ত্রিপুরা) ২.০
- ❖ গত ২৪ ঘন্টায় দেশের অভ্যন্তরে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.):
নোয়াখালি ৬৪.০, চাঁপাই-নবাবগঞ্জ ১৫.০

- ❖ বিগত ২৪ ঘণ্টায় পূর্বাঞ্চলীয় কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও ফেনী জেলার ভারতীয় ত্রিপুরা সীমান্তবর্তী অঞ্চলে এবং ত্রিপুরা প্রদেশের অভ্যন্তরীণ অববাহিকাসমূহে উল্লেখযোগ্য বৃষ্টিপাত পরিলক্ষিত হয়নি এবং উজানের নদ-নদীর পানি সমতল হ্রাস অব্যাহত আছে। ফলে বর্তমানে পূর্বাঞ্চলীয় জেলাসমূহের নিম্নাঞ্চলের বিদ্যমান বন্যা পরিস্থিতির উন্নতি অব্যাহত আছে।
- ❖ মৌলভীবাজার, হবিগঞ্জ জেলার নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। এ সময় উত্তর-পূর্বাঞ্চলের মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।
- ❖ আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘণ্টায় দেশের পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। এ সময় এ অঞ্চলের কুমিল্লা জেলার গোমতী ও ফেনী জেলার মুহুরী নদীর পানি সমতল হ্রাস পেতে পারে। এর ফলে আগামী ১২ ঘণ্টায় কুমিল্লা জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে।
- ❖ আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘণ্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। এ সময় এ অঞ্চলের বান্দরবান, খাগড়াছড়ি, কক্সবাজার ও চট্টগ্রাম জেলার সাঙ্গু, মাতামুহরি, কর্ণফুলি, হালদা ও অন্যান্য প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

- ❖ আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের দক্ষিণাঞ্চলের লঘুচাপটি দুর্বল হয়ে পড়েছে এবং আগামী ২৪ ঘণ্টায় দেশের দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে ভারি বৃষ্টিপাতের পূর্বাভাস নেই।
- ❖ ব্রহ্মপুত্র-যমুনা এবং দেশের উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, উত্তরাঞ্চলের তিস্তা-ধরলা-দুধকুমার নদীর স্বাভাবিক প্রবাহ বিরাজমান আছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- ❖ সেনাবাহিনী, কোস্টগার্ড, বিজিবি, জেলা প্রশাসন, স্থানীয় শিক্ষার্থীবৃন্দ ও বাপাউবো দুর্যোগ মোকাবিলায় কাজ করছে।

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাপাউবো, ঢাকা